# মামলা প্রত্যাহারের আশ্বাসে আন্দোলন স্থগিত করল ককরোচ জনতা পার্টি



ছবি: সংগৃহীত

আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের করা সব পুলিশি মামলা প্রত্যাহারের বিষয়ে সরকারের সম্মতির পর চলমান কর্মসূচি স্থগিত করার ঘোষণা দিয়েছে ককরোচ জনতা পার্টি (সিজেপি)।

শনিবার (২৫ জুলাই) আয়োজিত এক যৌথ সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং ও জেপি নাড্ডার পাশাপাশি সিজেপির মুখপাত্র অশুতোষ রাঙ্কা এবং সৌরভ দাস উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের মাধ্যমে আন্দোলনের অন্যতম প্রধান দাবি পূরণ হলেও আরও দুটি দাবি বহাল রেখেছিল সিজেপি। সেগুলো ছিল নিট-ইউজি প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় আত্মহত্যাকারী শিক্ষার্থীদের পরিবারের জন্য এক কোটি রুপি করে ক্ষতিপূরণ এবং আন্দোলনে অংশগ্রহণকারীদের বিরুদ্ধে কোনো ধরনের আইনি ব্যবস্থা না নেওয়ার নিশ্চয়তা।

LENS ASIA

সংবাদ সম্মেলনে জেপি নাড্ডা জানান, আন্দোলন সংশ্লিষ্ট সব এফআইআরের অনুলিপি সিজেপির কাছে হস্তান্তর করা হবে। পাশাপাশি এসব মামলায় সরকারের পক্ষ থেকে আর কোনো আইনি পদক্ষেপ নেওয়া হবে না বলেও তিনি আশ্বস্ত করেন।

তিনি আরও বলেন, আত্মহত্যা করা শিক্ষার্থীদের পরিবারের জন্য প্রচলিত সরকারি নীতিমালার আওতায় সর্বোচ্চ পরিমাণ আর্থিক সহায়তা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হবে।

এদিকে আন্দোলন প্রত্যাহারের পাশাপাশি শিক্ষা ব্যবস্থার দীর্ঘমেয়াদি সংস্কারসহ বিভিন্ন বিষয়ে পাঁচ দফা প্রস্তাব সরকারের কাছে জমা দিয়েছে ককরোচ জনতা পার্টি।